# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 DECEMBER 2025 7:45—7:55 PM**

---

(১) দুদিনের সফরসূচীতে আগামীকাল আসামে আসা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানানোর জন্য রাজ্যসরকারের যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ ।

(২) প্রধানমন্ত্রীর আগামীকাল বরঝারের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরের নবনির্মিত টার্মিনেল উদ্বোধন ।
(৩) প্রশাসন ব্যাবস্থায় অধিক স্বচ্ছতা ,গতিশীলতা ও দায়বদ্ধতা নিশ্চিত করার লক্ষ্যে রাজ্যের বিভিন্ন জেলায় সুশাসন সপ্তাহের আয়োজন ।

এবং

৪) সংসদের শীতকালীন অধিবেশন আজ অনির্দিষ্টকালের জন্য স্থগিত ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুদিনের সফরসূচী নিয়ে আগামীকাল আসামে আসছেন ।প্রধানমন্ত্রী শ্রী মোদীকে স্বাগত জানানোর জন্য রাজ্য সরকার যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সহ অন্যান্য মন্ত্রীরা প্রধানমন্ত্রীর সফরসূচীর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গড়ে তুলেছে।এদিকে প্রধানমন্ত্রী আগামীকাল গুয়াহাটীতে এসে আসামের প্রথম প্রধানমন্ত্রী গোপীনাথ বরদলৈর প্রতিমূর্তি উন্মোচন করবেন ।প্রধানমন্ত্রী আগামীকাল বরঝারের লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরের নবনির্মিত টার্মিনেলও উদ্বধন করবেন । এই টার্মিনেল উদ্বোধনের ফলে আসাম তথা উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোর পরিকাঠামো , যোগাযোগ , শিল্প বানিজ্য ও পর্যটন সহ সর্বাঙ্গীন উন্নয়ন ত্বরান্বিত করবে বলে আশা করা হচ্ছে । শ্রী মোদী আগামীকাল রাজ্য বিজেপি কার্যালয়ে দলীয় কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময়ও করবেন । প্রধানমন্ত্রীর সম্মানার্থে দলীয় কর্মকর্তারা রোডশোয়ের আয়োজন করেছে ।

শ্রী মোদী আগামী রবিবার গুয়াহাটীর নৌ পরিবহন টার্মিনেলে চরাইদেও জাহাজে রাজ্যের কয়েকজন মেধাবী শিক্ষার্থীর সঙ্গে পরীক্ষা পে চর্চা অর্থাৎ পরীক্ষা সম্পর্কীত বিষয় নিয়ে আলোচনা করবেন । এরপর তিনি আসাম আন্দোলনের শহিদদের স্মৃতিতে নির্মীত গুয়াহাটীর পশ্চিম বরাগাঁওয়ের শহিদ স্মারক ক্ষেত্র পরিদর্শন করবেন । এর পরিপ্রেক্ষিতে আগামী রবিবার দর্শনার্থীদের জন্য শহিদ স্মারক বন্ধ থাকবে এবং আগামী কাল ও আগামী রবিবার গুয়াহাটী উত্তর গুয়াহাটী সংযোগী তিনটি ঘাটের ফেরিসেবা বন্ধ থাকবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ গেট ওয়ে অব গুয়াহাটী পরিদর্শন করে সব দিক পর্যালোচনা করেন ।
প্রধানমন্ত্রী মোদী আগামী রবিবার নামরূপ সার কারখানায় নতুন ব্রাউনফিল্ড এমোনিয়া ইউরিয়া প্রকল্পের শিলান্যাস করবেন । এছাড়া তিনি এক জনসভায় ভাষণ দেবেন । নামরূপের ব্রহ্মপুত্র ভ্যালি ফার্টিলাইজার কর্পোরেশন লিমিটেডের বর্তমান প্রাঙ্গনে ১০ হাজার কোটি টাকারো অধিক ব্যয় সাপেক্ষে নির্মাণ করতে যাওয়া চতুর্থ সার প্রকল্পটি রাজ্যের অর্থনীতি শক্তিশালী করার ক্ষেত্রে সহায়তা করবে বলে আশা করা হচ্ছে । মন্ত্রী বিমল বরা আজ নামরূপে প্রধানমন্ত্রীর জনসভার প্রস্তুতির পর্যালোচনা করেন ।মন্ত্রী শ্রী বরা বলেন -------

বাইট

---------------------------------------------------------------------------------

জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর মামলার অভিযোগনামা প্রকাশ্যে নিয়ে আসার অভিযোগে বিধায়ক তথা রাইজর দলের সভাপতি অখিল গগৈর বিরুদ্ধে এস আই টি মামলা রুজু করেছে । এস আই টির গত ১২ ডিসেম্বর আদালতে দাখিল করা মামলার অভিযোগনামার প্রতিলিপি বেআইনীভাবে বিধায়ক প্রকাশ্যে নিয়ে আসার অভিযোগে এস আই টির মূখ্য তদন্তকারী আধিকারিক ড.রোজী কলিতা গৌহাটি পুলিশের অপরাধ শাখা এজাহার দাখিল করেছে । এই এজাহারের ভিত্তিতে পুলিশের অপরাধ শাখা একটি মামলা রুজু করেছে । এজাহারকারী বিধায়কের বিরুদ্ধে আইন বর্হিভূতভাবে অভিযোগনামার ব্যাবহার করা , ভুল তথ্য দিয়ে অভিযোগনামার প্রচার করা এবং অপব্যাখ্যা করার অভিযোগ উত্থাপন করেছেন । এছাড়া বিধায়ক গগৈ মামলাটির অভিযুক্তকে রক্ষণাবেক্ষণ দেবার চেষ্টা চালাচ্ছেন বলে অভিযোগ করা হয়েছে ।
এদিকে জুবিন গার্গের স্ত্রী গরিমা গার্গকে কেন্দ্র করে একাংশ রাজনৈতিক মহলে চালানো প্রচার সম্পর্কে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা প্রতিক্রিয়া জানিয়েছেন । এধরণের প্রচার সম্পূর্ণ ভিত্তিহীন বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী গরিমা শইকিয়া গার্গের সঙ্গে কোনো ধরণের

নির্বাচনী কথাবার্তা হয়নি বলে উল্লেখ করেছেন । গরিমা গার্গকে রাজনীতির সঙ্গে জড়িত না করতে তিনি সবার প্রতি আহ্বান জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

রাজ্য সরকার শিল্পীদের রাজ্যের সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতি অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁদের সামাজিক সুরক্ষা ও চিকিৎসা সুবিধা প্রদান করার লক্ষ্যে শিল্পী স্বাস্থ্য বীমা প্রকল্প রূপায়ন করেছে । এরজন্য ইতিমধ্যে একটি বিশেষ অনলাইন পোর্টেল চালু করা হয়েছে ।১৮ থেকে ৭০ বছর বয়েসের শিল্পীরা www.filmfinance.assam.gov.in ওয়েবসাইটে গিয়ে শিল্পী স্বাস্থ্যবীমা প্রকল্পের জন্য আবেদন করতে পারবেন । আগামী ৭ ই জানুয়ারী রাত ১২ টা পর্যন্ত অনলাইনে আবেদন জমা দেওয়া যাবে ।

--------------------------------------------------------------------------------

ন্যাশনেল ইনষ্টিটিউট অফ ফ্যাশন টেকনোলজি ( এন আই এফ টি ) // প্রতিষ্ঠানটির বিভিন্ন শাখায় নামভর্তির প্রবেশ পরীক্ষার জন্য আবেদন মাসুল হ্রাস করেছে । কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রনালয় জানিয়েছে যে ২০২৬-২৭ বর্ষের শিক্ষার্থীদের জন্য আবেদন মাসুল তিন হাজার টাকা থেকে দু হাজার পর্যন্ত হ্রাস করা হয়েছে । এই মাসুল সকলের জন্য হ্রাস করা সহ অন্যান্য অনগ্রসর শ্রেণী ও আর্থিকভাবে দুর্বল শ্রেণীর শিক্ষার্থীও রয়েছে । একইভাবে অনুসূচিত জাতি ,অনিসূচিত জনজাতি ও দিব্যাঙ্গ লোকেদের আবেদনের মাসুল পূর্বের ১৫০০ টাকা থেকে ৫০০ টাকা পর্যন্ত হ্রাস করা হয়েছে । প্রবেশ পরীক্ষার জন্য আবেদনের প্রপত্র পূরণের প্রক্রিয়া আগামী ৬ জানুয়ারী পর্যন্ত অব্যাহত থাকবে । আগামী বছরের ৮ ই ফেব্রুয়ারী দেশের ১০০ টি শহরে এই প্রবেশ পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আজ থেকে সুশাসন সপ্তাহ পালন শুরু হয়েছে । এ উপলক্ষ্যে জনগনের দুয়ারে সরকার শীর্ষক গ্রাম সভা অনুষ্ঠিত হবে । আজ সকাল ১১টায় লালামুখ , ধলাই-মলাই , রংপুর রামচন্ডী , আলগাপুর -মোহনপুর ,মণিপুর , জয়কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ের সভাকক্ষে সভা অনুষ্ঠিত হয়েছে । আগামী ২৫শে ডিসেম্বর পর্য্যন্ত সুশাসন সপ্তাহ পালন করা হবে ।

--------------------------------------------------------------------------------

সংসদের শীতকালীন অধিবেশনের কাজকর্ম আজ থেকে অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হয়েছে । গত পয়লা ডিসেম্বর আরম্ভ হওয়া এবারের শীতকালীন অধিবেশনের সময়ে মোট ১৫ টি বৈঠক অনুষ্ঠিত হয়েছিলো । অধ্যক্ষ ওম বিড়লা লোকসভার

এবারের অধিবেশন ফলপ্রসূ ছিলো বলে জানিয়েছেন । সভার কার্যসূচী সুষ্ঠুভাবে চালিয়ে নেবার ক্ষেত্রে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য তিনি  সভার সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন । রাজ্যসভার সভাপতি সি পি রাধাকৃষ্ণণ সভার কাজকর্ম প্রায় ৭২ ঘন্টা হয়েছে এবং এবারের অধিবেশন ফলপ্রসূ হয়েছে বলে উল্লেখ করেছেন । সেইসঙ্গে তিনি বলেন যে সংসদের শীতকালীন অধিবেশনে ঐতিহাসিক ও গণতান্ত্রিকভাবে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হয়েছে । এবারের অধিবেশনে লোকসভায় উত্থাপিত ১০ টি বিলের মধ্যে ৮ টি গৃহীত হয়েছে এবং রাজ্যসভায় ৮টি বিলে অনুমোদন জানানো হয়েছে বলেই তিনি জানান ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পি এম কিষান হিতাদিকারীদের আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে আলু চাষের জন্য প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় নাম পঞ্জীয়ন করতে অনুরোধ করা হয়েছে । জেলা কৃষি আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে নাম পঞ্ঞীয়নের জন্য আধার কার্ড ও ব্যাঙ্ক একাউন্টের ফটো কপি , চাষের জমির নথি ও মোবাইল নম্বর সহ একশ টাকার সরকারী মাশুল ধার্য্য করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জেলার হিতাধিকারীদের নিকটবর্তী কমন সার্ভিস সেন্টার , রামকৃষ্ণনগর মহকুমা কৃষি আধিকারীক বা শ্রীভূমি জেলা কৃষি আধিকারীকের কার্য্যলয়ের সঙ্গে যোগাযোগ করে নাম পঞ্ঞীয়ন করতে অনুরোধ করা হয়েছে । নাম পঞ্ঞীয়ন না করলে , পি এম কিষান সম্মান নিধি যোজনার সুবিধা থেকে কৃষকরা বঞ্চিত হতে পারেন বলে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং শিলচর রংপুর সংসঙ্গ উপাসনা কেন্দ্রের সহযোগীতায় আগামী ২২শে ডিসেম্বর রংপুর করাতিগ্রাম শিমুলতলার সংসঙ্গ উপাসনা কেন্দ্রে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা ক্রীড়া বিভাগের সহযোগীতায় আগামীকাল থেকে মুখ্যমন্ত্রী টি ট্রাইবস ও আদিবাসী অনুর্ধ-১৭ জেলা পর্য্যায়ের ফুটবল প্রতিযোগীতা শুরু হচ্ছে ।  জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী আগামীকাল সকাল ১০টায় শ্রীভূমি জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে এই প্রতিযোগীতার উদ্বোধন করবেন ।

--------------------------------------------------------------------------------